



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/5/2021

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

গভর্নর কুওমো 15 ফেব্রুয়ারি থেকে COVID-19 টিকার জন্য যোগ্য কোমর্বিডিটি এবং অন্তর্নিহিত অবস্থার তালিকা ঘোষণা করেছেন

ক্যান্সার, দীর্ঘস্থায়ী কিডনির রোগ, পালমোনারি রোগ, বুদ্ধিবৃত্তিক ও উন্নয়নশীলতার প্রতিবন্ধকতা, হৃদরোগ, আপসকৃত অনাক্রম্যতার অবস্থা, গুরুতর স্থূলতা, গর্ভাবস্থা, সিকল সেল রোগ বা থ্যালাসেমিয়া, টাইপ 1 বা 2 ডায়াবেটিস মেলিটাস, সেরিব্রোভাসকুলার রোগ, নিউরোলজিক্যাল অবস্থা এবং লিভারের রোগ যোগ্য হবে

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো আজ COVID-19 টিকার যোগ্যতা নির্ধারণের জন্য নিউ ইয়র্ক স্টেট যে সব কোমর্বিডিটি এবং অন্তর্নিহিত অবস্থা ব্যবহার করবে তার তালিকা প্রকাশ করেছে। যে নিউ ইয়র্কবাসীদের এই তালিকায় উল্লিখিত একটি কোমর্বিডিটি আছে তারা 15 ফেব্রুয়ারি থেকে এই টিকা পাওয়ার যোগ্য হবেন।

"রাজ্যের জনসংখ্যা জুড়ে নিউ ইয়র্কবাসীরা আছেন যাদের মধ্যে কোমর্বিডিটি এবং অন্তর্নিহিত অবস্থা উপস্থিত - তারা আমাদের শিক্ষক, আইনজীবী এবং কাঠমিস্ত্রি, ডাক্তার ছাড়াও যারা প্রতিদিন আমাদের নিরাপদ রাখেন, এবং তারা একটি অত্যন্ত প্রভাবিত জনসংখ্যা," **গভর্নর কুওমো বলেন।** "আমরা ঝুঁকিপূর্ণ জনসংখ্যাকে টিকা দিতে অঙ্গিকারবদ্ধ, যারা সব চেয়ে বেশি কষ্ট পেয়েছে যখন আমরা কঠোরভাবে সীমিত সংখ্যক টিকা বিতরণ করছি, এবং যাদের কোমর্বিডিটি আছে তারা রাজ্যের COVID মৃত্যুর 94 শতাংশ। এজন্যই আমরা 15 ফেব্রুয়ারি থেকে যাদের কোমর্বিডিটি আছে তাদের জন্য যোগ্যতা উন্মুক্ত করে দেবো এবং হাসপাতালগুলোকে অতিরিক্ত ডোজ ব্যবহার করার ক্ষমতা দেবো এই জনসংখ্যার মোকাবিলা করার জন্য। স্থানীয় সরকারগুলোর নতুন পরিবর্তনের জন্য প্রস্তুতি নিতে এক সপ্তাহ সময় আছে - তাদের এখন প্রস্তুত হতে হবে।"

কোমর্বিডিটি এবং অন্তর্নিহিত অবস্থার সম্পূর্ণ তালিকা নিচে পাওয়া যাবে। এই তালিকা পরিবর্তনের আওতাধীন যত অতিরিক্ত বৈজ্ঞানিক প্রমাণ প্রকাশিত হবে এবং যখন নিউ ইয়র্ক স্টেট অতিরিক্ত রাজ্য-নির্দিষ্ট তথ্য সংগ্রহ এবং বিশ্লেষণ করে।

COVID-19 ভাইরাসের কারণে মাঝারি বা গুরুতর অসুস্থতা বা মৃত্যুর ঝুঁকি বেড়ে যাওয়ার কারণে নিম্নলিখিত অবস্থা সহ যে কোন বয়সের প্রাপ্তবয়স্কদের:

- ক্যান্সার (বর্তমান বা উপসমপ্রাপ্ত, 9/11 সম্পর্কিত ক্যান্সার সহ)
- ক্রনিক কিডনি ডিজিজ
- পালমোনারি রোগ, যার মধ্যে আছে, COPD (ক্রনিক অবস্ট্রাকটিভ পালমোনারি ডিজিজ), অ্যাজমা (মার্নারি-থেকে-গুরুতর), পালমোনারি ফাইব্রোসিস, সিস্টিক ফাইব্রোসিস, এবং 9/11 সম্পর্কিত পালমোনারি রোগ
- ডাউন সিন্ড্রোমসহ বুদ্ধি ও বিকাশগত প্রতিবন্ধকতা
- হৃদযন্ত্র সংক্রান্ত অবস্থা যেমন - হার্ট ফেইলিওর, করোনারি আর্টারি রোগ, কার্ডিওমায়োপ্যাথি অথবা হাইপারটেনশন (উচ্চ রক্তচাপ)
- কঠিন অঙ্গ প্রতিস্থাপন বা রক্ত বা বোন ম্যারো প্রতিস্থাপন, অনাক্রম্যতা সংক্রান্ত ঘাটতি, HIV, কর্টিকোস্টেরয়েড ব্যবহার, অন্যান্য রোগ প্রতিরোধ ক্ষমতা দুর্বল করা ওষুধের ব্যবহার, বা অন্যান্য কারণ থেকে আপোসকৃত অনাক্রম্যতার অবস্থা (দুর্বল ইমিউন সিস্টেম)
- গুরুতর স্থূলতা (BMI \geq 40 kg/m²) স্থূলতা (বডি ম্যাস ইনডেক্স [BMI] 30 kg/m² বা তার বেশি কিন্তু < 40 kg/m²)
- গর্ভাবস্থা
- সিকল সেল ডিজিজ বা থ্যালাসেমিয়া
- টাইপ 1 বা 2 ডায়াবেটিস মেলিটাস
- সেরিরোভাসকুলার ডিজিজ (মস্তিষ্কে রক্তনালী এবং রক্ত সরবরাহ প্রভাবিত করে)
- স্নায়বিক অবস্থা, আলঝেইমার রোগ বা ডিমেনশিয়া অন্তর্ভুক্ত, কিন্তু তাতে সীমাবদ্ধ নয়
- লিভার ডিজিজ

###

আরো সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
 নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)